# মুখতাসার যাদুল মা‘আদ

বিভাগ/অধ্যায়ঃ অনুচ্ছেদ সমুহের সূচী ও বিবরন

রচয়িতা/সঙ্কলকঃ ইমাম ইবনুল কাইয়্যিম (রহঃ)

গায়েবানা জানাযা

তিনি প্রত্যেক মৃতের গায়েবানা জানাযা পড়তেন না। সহীহ সূত্রে বর্ণিত হয়েছে যে, তিনি উপস্থিত মাইয়্যেতের জানাযা সলাতের মতই নাজাশীর গায়েবানা জানাযা পড়েছেন। গায়েবানা জানাযা পড়া এবং না পড়া উভয়টিই সুন্নাত।[1] কোন ব্যক্তি যদি এমন দেশে মারা যায় যেখানে জানাযা সলাত পড়া সম্ভব হয় নি, তার জানাযা সলাত পড়তে হবে। কেননা নাজাশী কাফেরদের মাঝে মৃত্যু বরণ করেছেন। তাই সেখানে তাঁর সলাতে জানাযা পড়া হয়নি।

## ফুটনোট

[1]. যার উপর জানাযা সলাত পড়া হয়ে গেছে, তার জন্য গায়েবানা জানাযা পড়ার কোন সুস্পষ্ট প্রমাণ নেই।

Source — https://www.hadithbd.com/books/link/?id=3788

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন